

সারাদেশ

সরাইলে অজ্ঞাত গাড়ির চাপায় সিএনজি চালক নিহত

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০১ সেপ্টেম্বর ২০২৬, ০৬:১৫ PM



ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে অজ্ঞাতনামা একটি গাড়ির চাপায় জামাল মিয়া (৩২) নামের এক সিএনজি চালক নিহত হয়েছেন। গতকাল সোমবার রাত ৮টা ২০ মিনিটে উপজেলার কুটাপাড়া এলাকায় ঢাকা-সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত জামাল মিয়া সরাইল উপজেলার নোয়াগাঁও কানিউচ্চ গ্রামের মন মিয়ার ছেলে।

স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, রাতে জামাল মিয়া সিএনজি নিয়ে কুটাপাড়া এলাকায় মহাসড়কের পাশে অবস্থান করছিলেন। এ সময় দ্রুতগতির একটি অজ্ঞাত গাড়ি তাঁকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। দুর্ঘটনায় তাঁর দেহ খণ্ড-বিখণ্ড হয়ে যায়।

খবর পেয়ে হাইওয়ে পুলিশের সদস্যরা ঘটনাস্থলে যান। তাঁরা মরদেহ উদ্ধার করেন এবং দুর্ঘটনাস্থল পরিদর্শন করেন।

দুর্ঘটনার পর গাড়িটি পালিয়ে গেছে। সেটি শনাক্তের চেষ্টা করছে পুলিশ।

খাঁটিহাতা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হালিম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, অজ্ঞাতনামা একটি গাড়ির চাপায় সিএনজি চালক জামাল মিয়া নিহত হয়েছেন। দুর্ঘটনার পর গাড়িটি পালিয়ে গেছে। ঘাতক গাড়ি ও চালককে শনাক্ত করতে পুলিশ কাজ করছে।

ওসি আরও জানান, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালের মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিজ্ঞতা রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/sraile-ojnat-garir-chapay-sienji-chalk-niht>